ভাষা এবং সাক্ষরতা

# প্রামাণিক লিখন

# Authentic writing





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:*  *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সংস্করণ 1.0 LL09v1*
*West Bengal*

*তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যর্থায় বর্ণিত না হলে এই সামগ্রীর্ণ একর্ণ কিরয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই  ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটে আপনি আপনার শ্রেণিকক্ষে উদ্দেশ্যমূলক, আনন্দদায়ক, প্রামাণিক লিখনের অ্যাক্টিভিটি অন্তর্ভুক্ত করার উপর মনোযোগ দেবেন। এর দ্বারা আপনার শিক্ষার্থীদের লেখার গুরুত্বপূর্ণ দক্ষতা বিকাশে অনুপ্রাণিত করবেন। আপনি রচনা কৌশল আর প্রতিলিপিকরণের মধ্যে পার্থক্যকে বিবেচনা করবেন, লেখার উপর আলোকপাত করা পাঠের একটা পুঙ্খানুপুঙ্খ পরিকল্পনা প্রস্তুত করবেন আর আপনার শিক্ষার্থীদের সঙ্গে একসাথে সহযোগিতামূলক লেখার চেষ্টা করবেন।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- কীভাবে আপনার শিক্ষার্থীদের লেখার জন্য প্রামাণ্য পাঠক আর উদ্দেশ্য চিহ্নিত করা যায়।
- আপনার শিক্ষার্থীদের লেখার পাঠে কীভাবে রচনা কৌশল আর প্রতিলিপিকরণের মধ্যে ভারসাম্য রক্ষা করা যাবে।
- কি ভাবে একসাথে লেখার অ্যাক্টিভিটি পরিকল্পনা করা যায় যা পারস্পরিকভাবে সক্রিয় আর সামাজিক শিক্ষায় উৎসাহিত করবে।

# কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

লেখার সবসময় একজন পাঠক থাকে, এমন কি যদি সে ব্যক্তি স্বয়ং হন তাহলেও। একইভাবে প্রত্যেকটি লেখারও একটা উদ্দেশ্য থাকে, এমন কি যদি তা শুধু বাজার থেকে চাল কেনার কথা মনে করানোও হয়। বিদ্যালয়ে লেখার কাজে অনেক সময় এই প্রামাণ্য পাঠক আর উদ্দেশ্যের অভাব থাকে বিশেষ করে যখন সেগুলো যান্ত্রিক অনুশীলনের রূপ নেয়। যদি লেখার কাজ প্রামাণ্য না হয় তাহলে শিক্ষার্থীরা সম্পূর্ণ উপলব্ধি করতে পারবে না যে বাস্তব জগতে লিখতে পারাটা কেন এত গুরুত্বপূর্ণ বিষয় আর এই দক্ষতা কি আনন্দদায়ক আর সৃজনশীল হতে পারে।

লেখার দক্ষতা বিকাশের দুটি উপাদান: রচনা কৌশল আর প্রতিলিপিকরণ।

- রচনা কৌশলকে 'লেখকের ভূমিকা' হিসাবে বিবেচনা করা যেতে পারে, যেহেতু কে এই লেখা পড়বে (এর পাঠক) আর এটা কি অর্জন করতে চায় (এর উদ্দেশ্য) তা জানা, কোন চিন্তা তৈরি করা আর সংগঠিত করা, আর কি ধাঁচের ভাষা ব্যবহৃত হবে তা বেছে নেওয়া এর অন্তর্ভুক্ত।
- প্রতিলিপিকরণকে 'সম্পাদকের ভূমিকা' হিসাবে বিবেচনা করা যেতে পারে, যেহেতু লেখাটা যেন সহজপাঠ্য হয়, বানান সঠিক হয়, যতিচিহ্ন যথাযথ হয় আর পাঠ্যের বিন্যাস যথাযথ হয় তা নিশ্চিত করা এটার অন্তর্গত।

শিক্ষকরা প্রাথমিকভাবে শিক্ষার্থীদের কাজের প্রতিলিপিকরণের উপাদানের উপর মনোযোগ দেন এবং তা ব্যাখ্যা ও সংশোধন করতে সময় ব্যয় করেন। যদিও এই দুটোর মধ্যে যেটা শিক্ষার্থীদের জন্য বেশি গুরুত্বপূর্ণ দক্ষতা তা হল রচনা কৌশল।

যখন আপনার শিক্ষার্থীরা কোন লেখা রচনা করছে তা তাদের আগ্রহী করে, অনুপ্রাণিত করে - এটা বলা যায়, যখন তারা তাদের রচনার দক্ষতার বিকাশ ঘটাচ্ছে - তখন তারা অবশ্যই সম্পাদকের দক্ষতারও অনুশীলন করছে, যেমন, হাতের লেখা, বানান, যতিচিহ্ন আর অনুচ্ছেদ ঠিক রাখা। বিপরীতটা কিন্তু এটা অনুসরণ করেনা। তাই আরও প্রামাণ্য রচনা কৌশলের কাজ চালু করা গুরুত্বপূর্ণ যাতে শিক্ষার্থীরা অর্থবহ পাঠের স্বাধীন লেখক হয়ে উঠতে পারে।

# 1 বাস্তব জগতে লেখা

## অ্যাক্টিভিটি 1: বাস্তব জগতে লেখা

আপনি আপনার বিদ্যালয় ও গোষ্ঠীর চারপাশে কি ধরনের লেখা খুঁজে পান? আপনার কোন সহকর্মীর সাথে একটা তালিকা তৈরির জন্য কিছুটা সময় দিন। উদাহরণের অন্তর্ভুক্ত হতে পারে:

- ট্রাফিক চিহ্ন
- বিজ্ঞাপন
- সময়-সারণী
- স্বাস্থ্য সংক্রান্ত পোস্টার
- রাজনৈতিক শ্লোগান
- ক্যালেন্ডার
- ধর্মমূলক পাঠ্য
- ত্রিকা
- খবরের কাগজ
- বইপত্র
- চলচ্চিত্রের পোস্টার
- বিদ্যালয়ের নোটিশ
- বিষয় চার্ট
- উপস্থিতি চার্ট।

| **বারের নাম** | **মধ্যাহ্ন ভোজনের খাদ্য তালিকা** |
|---|---|
| সোমবার | ভাত ও সোয়াবীনের তরকারী |
| মঙ্গলবার | ভাত, ডাল ও আলুমাখা |
| বুধবার | ভাত ও পাঁচ রকমের সব্জীর তরকারী |
| বৃহস্পতিবার | ভাত ও সব্জীর ডাল |
| শুক্রবার | ভাত ও ডিমের ডালনা |
| শনিবার | খিচুড়ি |

**চিত্র 1** একটা বিদ্যালয় মেনু

এবারে দুই সেট প্রশ্নের উত্তর দিন:

- সেট 1:
  - কি ধরনের লেখা আপনার শিক্ষার্থীরা তাদের বাড়িতে আর গোষ্ঠীগুলিতে দেখে বলে আপনি মনে করেন?
  - এই লেখার অভিপ্রেত পাঠক কারা?
  - এই লেখার উদ্দেশ্য কী?
- সেট 2:
  - আপনার শিক্ষার্থীরা বিদ্যালয়ে কি জাতীয় লেখা লেখে?
  - এই লেখার অভিপ্রেত পাঠক কারা?
  - এই লেখার উদ্দেশ্য কী?

আপনার শিক্ষার্থীরা বিদ্যালয়ের বাইরে যে লেখা দেখে আর তারা বিদ্যালয়ে যে ধরনের লেখার কাজ করে তার মধ্যে কি কোন মিল আছে? কেন, বা কেন নয়?

কেস স্টাডি 1 এ আপনি এমন একজন শিক্ষকের সম্পর্কে পড়বেন যিনি বাস্তব জগতের লেখাকে তাঁর শ্রেণিকক্ষে নিয়ে এসেছিলেন।

## কেস স্টাডি 1: পোস্টকার্ড লেখা

*শ্রীমতি শামিলা কানপুরে একটা বিদ্যালয়ে ২য় শ্রেণির শিক্ষিকা। এখানে তিনি একটা সহজ লেখার কার্যকলাপের বর্ণনা করেছেন যা তিনি তার ছোট শিক্ষার্থীদের সাথে করেছিলেন।*

গ্রীষ্মের আগে আমি আমার এক দিল্লীতে বেড়াতে যাওয়া বন্ধুর কাছ থেকে একটা পোস্টকার্ড পাই। আমি এটা আমার শিক্ষার্থীদের দেখানোর জন্য শ্রেণিকক্ষে নিয়ে আসি। তারা সামনে লাল কেল্লার ছবি আর পিছনে আমার বন্ধুর মেসেজ দেখে উৎসাহিত হয়।

আমি পোস্টকার্ডের ব্যাপারে আমার শিক্ষার্থীদের আগ্রহ বিকশিত করতে একটা পাঠ পরিকল্পনার সিদ্ধান্ত নিই। আমি আয়তাকার মোটা সাদা কার্ড কেটে তাদের প্রত্যেককে একটা করে দিই। আমি তারপর তাদের একপাশে তাদের ইচ্ছামত যা হোক কিছু আঁকতে বলি - সেটা পরিচিত কিছু বা কাল্পনিক কিছু হতে পারে।

তারা শেষ করলে আমি ছবিটা উল্টিয়ে বিপরীত দিককে দু'ভাগে ভাগ করতে বলি। ডান দিকে তারা তাদের বাড়ির ঠিকানা লেখে। আমার কিছু শিক্ষার্থী এ ব্যাপারে নিশ্চিত ছিল না, তাই আমি তাদের ব্যাখ্যা করি কি ভাবে বলতে আর লিখতে হয়।

ঠিকানার বাম দিকে তারা তাদের মা-বাবার জন্য একটা ছোট মেসেজ লেখে। আমি কিছু বাক্য উদাহরণ হিসাবে ব্ল্যাকবোর্ডে লিখে দিই, যেমন 'প্রিয় মা ও বাবা', 'আশা করি তোমরা ভালো আছ', 'আমি তোমাদের শুভেচ্ছা পাঠাচ্ছি' এরকম আরও কিছু। এভাবে আমি কিছু শিক্ষার্থীদের সহায়তা করি। অপেক্ষাকৃত বেশি দক্ষ শিক্ষার্থীরা তাদের নিজের পছন্দমত মেসেজ লেখে। তারা তারপর মেসেজের শেষে তাদের নাম স্বাক্ষর করে।

আমার প্রধান শিক্ষক পোস্টকার্ডের ডাকটিকিট কেনার জন্য আমায় অর্থ দিতে রাজি হয়েছিলেন। পোস্টকার্ডের ডানদিকের উপরের কোণে একটা করে ডাকটিকিট লাগিয়ে আমি আর আমার শিক্ষার্থীরা নিকটবর্তী পোস্ট অফিসে গেলাম আর তারা কার্ডগুলো ভিতরে ফেলে দিল।

পরের সপ্তাহে পোস্টকার্ডগুলো তাদের বাড়িতে পৌঁছে যাওয়ার পরে, আমার শিক্ষার্থীরা রোমাঞ্চিত হয়েছিল। তাদের মা-বাবারাও এটা পেয়ে খুশি হয়েছিলেন।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- শ্রীমতি শামিলার পোস্টকার্ড সম্পর্কিত অ্যাক্টিভিটিটি কীভাবে রচনা কৌশল আর প্রতিলিপিকরণের মধ্যে সমতা বিধান করে?
- আপনি আপনার বেশি বয়সী শিক্ষার্থীদের জন্য কীভাবে এই অ্যাক্টিভিটি পরিবর্তন করবেন?

এই কার্যকলাপে শিক্ষার্থীদের তাদের নিজেদের ধারণা থেকে একটা পাঠ্য লিখতে বলা হয়, কিন্তু শিক্ষক তাদের কিছু বাক্যাংশ দেন যা তাদের এটা করতে প্রয়োজন হতে পারে। মা-বাবার কাছে মেসেজ পাঠানোর মত অ্যাক্টিভিটি বাড়ি আর বিদ্যালয়ের মধ্যে একটা ইতিবাচক যোগাযোগ তৈরি করে। বেশি বয়সের শিক্ষার্থীদের লেখার অধিক বিকল্প রয়েছে, তারা পরস্পরকে পোস্টকার্ড লিখতে পারে, অথবা অন্য বিদ্যালয়ের পরিচিত কোন শিক্ষার্থীকেও লিখতে পারে।

## 2 একসাথে ভাগ করে লেখা

কীভাবে শুরু করতে হবে আর লেখায় কি কি অন্তর্ভুক্ত করবে এটা শিক্ষার্থীদের পক্ষে বোঝা কখনও কখনও কঠিন হতে পারে। শ্রেণিকক্ষে এই সমস্যা দূর করার একটি সহযোগিতামূলক পদ্ধতি হল অনেকজনের ধারণাগুলোকে এক জায়গায় নিয়ে এসে, একসাথে ভাগ করে লেখা।

যারা পড়তে শিখছে সেই সমস্ত অল্পবয়স্ক শিক্ষার্থীদের ক্ষেত্রে ভাগ করে লেখা বিশেষভাবে কার্যকরী হতে পারে, যেহেতু এটা তাদের বুঝতে সাহায্য করে কীভাবে ভাবনাগুলোকে কথায় রূপান্তরিত করতে হয় আর কথ্য ভাষাকে লেখায় ধরতে হয়। যদিও এটা সমস্ত স্তরের শিক্ষার্থীদের জন্যই মূল্যবান।

এখন কেস স্টাডি 2-এর উদাহরণ দুটো পড়ুন।

### কেস স্টাডি 2: শিক্ষার্থীদের শব্দকে লেখায় রূপান্তরিত করা।

*শ্রীমতি সর্বানী   দুর্গাপুরে একটা গ্রামীণ বিদ্যালয়ের ২য় শ্রেণির শিক্ষিকা।*

আমি নিয়মিত পত্রিকা আর বিজ্ঞাপন থেকে ছবি কেটে রাখি। এগুলোর মধ্যে অন্তর্গত জায়গা, মানুষ ও বিভিন্ন জীবজন্তুর ছবি। আমি যেখানে সম্ভব রঙীন, মজাদার আর অদ্ভুত ছবি খোঁজার চেষ্টা করি। আমার একটা ভালো রকম সংগ্রহ আছে এখন।

আমি শিক্ষার্থীদের এক একটা ছোট দলের সাথে পালাক্রমে এই লেখার অ্যাক্টিভিটি করি আর সেই সময়ে বাকি শ্রেণিকে অন্য কোন কাজ করতে দিই। আমি শিক্ষার্থীদের সেই দলকে একটা ছবি দিয়ে শুরু করি আর তারপর তাদের কিছুটা সময় দিই এটা নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করার জন্য। তারপর আমি পৃথক পৃথক শিক্ষার্থীদের এই ছবি সম্পর্কে কিছু বলতে বলি। তারা যা বলে আমি তা ব্ল্যাকবোর্ডে লিখি।

সবার অংশগ্রহণ করা হলে আমি পড়ে শোনাই তারা কি বলেছে, আর এটা করার সময় শব্দগুলোর দিকে নির্দেশ করি। আমরা তারপর বাক্যগুলোর দিকে তাকাই আর সেগুলোকে পুনর্বিন্যস্ত করি তা থেকে একটা সুসঙ্গত গল্প তৈরি করার জন্য। আমরা একসাথে গল্পটা জোরে জোরে পড়ি। আরও শব্দ আর বাক্যাংশ যোগ করি যাতে গল্পের প্রবাহকে ঠিক রাখা যায় এবং আরো আগ্রহজনক বিষয় যোগ করা যায়। যখন সবাই গল্পটা নিয়ে খুশি হয় আমরা একটা মানানসই নাম দিতে সম্মত হই।



**চিত্র 2** একটা দল একটা গল্পের উপর কাজ করছে

আমি তারপর গল্পটা চার্ট কাগজে লিখে সেটা শ্রেণিকক্ষের দেওয়ালে ঝুলিয়ে দিই, তার শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নাম দেওয়া থাকে।

আমি আমার শিক্ষার্থীদের বলি গল্পটা পরিচ্ছন্নভাবে তাদের খাতায় টুকে নিতে আর মানানসই ছবি দিয়ে এটা সাজাতে।

*শ্রী রক্তিম বিশ্বাস, চন্দননগরে একটা বড় বিদ্যালয়ে ৮ম শ্রেণির শিক্ষক।*

আমার শিক্ষার্থীরা স্থানীয় বাজারটা আরও দূরবর্তী স্থানে সরিয়ে দেওয়ার সরকারী সিদ্ধান্তে খুব দুঃখিত ছিল। এটা গোষ্ঠীর অনেকগুলো পরিবারকে অসুবিধায় ফেলবে যারা সেখানে জিনিসপত্র কেনা-বেচা করে।

আমার শিক্ষার্থীরা স্থানীয় প্রশাসনকে একটা প্রতিবাদ পত্র লিখতে চাইছিল। আমি তাদের এটায় সাহায্য করতে রাজি হয়েছিলাম। আমি ছ'টা দলের প্রত্যেকটাকে একটা করে কাগজ দিয়ে বললাম বাজার সরানোর পরিকল্পনার বিষয়ে তাদের মূল বক্তব্যগুলো লিখে ফেলতে।



**চিত্র 3** একটা চিঠি লেখা

যখন তারা শেষ করলো, আমি প্রত্যেক দলকে বললাম গোটা শ্রেণিকে জানাতে। তারা এটা করার পর আমি তাদের ভাবনাগুলো

ব্ল্যাকবোর্ডে লিখে ফেললাম। কখনো তাদের ভাষা ছিল ভীষণ রাগী, তাই আমি তাদেরকে বোঝালাম যে সম্মানজনক ভাবে তাদের বক্তব্য পেশ করা গুরুত্বপূর্ণ, আর যদি তারা রাজ্যপালের মনোযোগ আকর্ষণ করতে চায় তবে তাদের এই প্রতিটা বক্তব্যের পিছনে ভাল যুক্তি দিতে হবে। একসাথে, আমরা ব্ল্যাকবোর্ডে চিঠির অনেকগুলো খসড়া তৈরি করলাম আর বারবার লিখে বিষয়বস্তু আর ভাষাকে আরও প্রথাগত করলাম।

আমি তারপর আমার শিক্ষার্থীদের চিঠিটার চূড়ান্ত সংস্করণ লিখতে বললাম যাতে তাদের কাছে নিজস্ব প্রতিলিপি থাকে। তারা তারপর এর মধ্যে থেকে একটা নির্বাচিত করলো, স্বাক্ষর করলো আর রাজ্যপালের কাছে পাঠিয়ে দিল।

বাজার সরানোর সিদ্ধান্তের বিরুদ্ধে রাজ্যপালকে স্থানীয় মানুষের আবেগের গুরুত্ব প্রদর্শন করার জন্য একটা আবেদনপত্র শুরু করার একটা ভাবনাও আমার শিক্ষার্থীদের ছিল। আমরা তারপর একই রকম ভাগ করে লেখার পদ্ধতি ব্যবহার করে এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে একটা ছোট পাঠ্য লিখলাম, আবেদনপত্রের সূচনা হিসাবে। আমার শিক্ষার্থীরা তারপর পালা করে কয়েক দিন ধরে এই আবেদনপত্রটি স্থানীয় জনসমাজের কাছে নিয়ে যেতে লাগল আর লোকজনকে সেখানে স্বাক্ষর করতে বলল।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

উপরের প্রতিটি কেস স্টাডির জন্য এই প্রশ্নগুলো বিবেচনা করুন:

- শিক্ষার্থীদের লেখার পাঠক কে আর এর উদ্দেশ্য কি?
- কীভাবে রচনা কৌশল আর প্রতিলিপিকরণের কাজের ভারসাম্য রক্ষা করা হয়?
- এই অ্যাক্টিভিটি চলাকালীন শিক্ষার্থীদের মূল্যায়ন করার জন্য শিক্ষকদের কি কি সুযোগ আছে?
- লক্ষ্য করুন, শিক্ষার্থীরা প্রতিটি ক্ষেত্রে কীভাবে একই সাথে সহযোগিতামূলক ভাবে ও স্বতন্ত্রভাবে লিখেছে। ভাগ করে লেখার কি সামাজিক সুবিধা আছে বলে আপনি মনে করেন?

মূল সম্পদ 'গোষ্ঠীর কাজ ব্যবহার করা' এই স্তরে এসে সহায়ক হতে পারে।

## ভিডিও: গোষ্ঠীর কাজ ব্যবহার করা

## অ্যাক্টিভিটি 2: লেখার উপর মনোনিবিষ্ট একটি পাঠের পরিকল্পনা করা

কেস স্টাডি 2 এ শ্রেণিকক্ষে অনুশীলনের যে কোনো একটি বিবরণ পছন্দ করুন এবং তাদের বর্ণিত ভাগ করে লেখার কার্যকলাপের জন্য একটা পাঠ পরিকল্পনা লিখুন।

আপনার পক্ষে যথাসম্ভব বেশি বিশদ তথ্য অন্তর্ভুক্ত করতে চেষ্টা করুন। আপনার প্রয়োজনীয় সম্পদগুলি শনাক্ত করা দিয়ে শুরু করুন এবং কার্যকলাপের প্রতিটি পর্যায়ের জন্য প্রয়োজনীয় সময় অবশ্যই অনুমান করুন। আপনি যদি চান, পর্যায়গুলোকে কয়েকটি পাঠ ব্যাপী প্রসারিত করতে পারেন।

পাঠ পরিকল্পনার উপর আরও নির্দেশিকার জন্য সম্পদ 1 দেখুন।

শ্রীমতি সর্বানী বসু বিবরণের উপর ভিত্তি করে একটা নমুনা পরিকল্পনা এখানে শুরু হল। তবে আপনি একটা টেবিলের কাঠামো

ব্যবহার করতে পারেন।

পাঠ পরিকল্পনা: শ্রীমতি সর্বানী বসু ভাগ করে লেখার অ্যাক্টিভিটি।

উদ্দেশ্য:

- চিন্তাভাবনা, কথা ও লেখার মধ্যে সংযোগ স্থাপনের জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করা।
- প্রম্পট (prompt) হিসাবে ছবি ব্যবহার করে জুটিবদ্ধ আলোচনায় উৎসাহ দেওয়া।
- গোটা শ্রেণিকে গল্প তৈরিতে অবদান রাখার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করা।

সম্পদসমূহ:

- শিক্ষার্থীদের পরিষ্কারভাবে দেখার জন্য পত্রিকা থেকে কেটে নেওয়া বা ফটোকপি করা যথেষ্ট বড় মাপের ছবি বা ফটো। মোবাইলে তোলা ছবি বা ফোটো ।

সময়:

- ছবির সাথে পরিচয় করানোর জন্য দশ মিনিট।
- ছবি সম্পর্কে শিক্ষার্থীদের জুটিবদ্ধ আলোচনা করার জন্য পাঁচ মিনিট।
- ছবিতে যা দেখানো হয়েছে সেই সম্পর্কে গোটা শ্রেণিতে কথা বলার জন্য কুড়ি মিনিট।

আপনার সম্পূর্ণ হওয়া পরিকল্পনা রেখে দিন, যেহেতু আপনাকে এটা অ্যাক্টিভিটি 3 ও 4-এ ব্যবহার করার জন্য একটা মডেল প্রদান করবে।

## ভিডিও: পাঠ পরিকল্পনা করা

## অ্যাক্টিভিটি 3: প্রকৃত পাঠক ও উদ্দেশ্যের জন্য লেখা

আপনার শিক্ষার্থীদেরকে প্রকৃত পাঠক ও উদ্দেশ্যের জন্য লেখার ক্ষেত্রে যত বেশি সুযোগ দেওয়া সম্ভব, সেই বিষয়ে আপনার সহকর্মীদের সাথে চিন্তা করুন।

এখানে কিছু সম্ভাবনা রয়েছে। আপনার শিক্ষার্থীদের বয়স ও অভিজ্ঞতার পাশাপাশি আপনার বিশেষ প্রেক্ষাপটের উপযোগী অন্য কিছু যুক্ত করতে সক্ষম হবেন।

আপনার শিক্ষার্থীরা যা করতে পারে:

- তাদের পরিবারের জন্য জন্মদিন বা অনুষ্ঠানের কার্ড লিখতে ও চিত্রিত করতে
- গ্রামের শিশুদের জন্য সহজ বই তৈরি করতে
- বিদ্যালয়ের আরো ছোটো বাচ্চাদের জন্য গল্প বা কবিতা লিখতে
- DIET থেকে যোগাযোগ ব্যবহার করে, অন্য কোনো জেলা বা শহরের শ্রেণিতের সঙ্গে ‘পত্র মিতালি’ করতে
- একজন লেখক, অভিনেতা বা রাজনীতিবিদকে তাদের কাজ সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য চিঠি লিখতে

- বিদ্যালয়ের চারদিকে বা বাইরের জায়গায় লাগানোর জন্য স্বাস্থ্য সংক্রান্ত কোনো বিষয়ে পোস্টার তৈরি করতে, যেমন হাত ধোওয়ার গুরুত্ব
- বাড়িতে ব্যবহৃত রান্নার প্রণালী লিখতে এবং তথ্যাদি সংগ্রহ করে শ্রেণিতের জন্য রান্নার বই বানাতে, যা ফটোকপি করা ও বিতরণ করা হবে
- একটা প্রসঙ্গোচিত স্থানীয় উদ্বেগ সম্পর্কে তাদের মতামত প্রদান করে স্থানীয় কাগজে লিখতে
- নতুন শিক্ষার্থীদের জন্য পরামর্শ সহ বিদ্যালয়ে একটা 'স্বাগতমূলক নির্দেশিকা' তৈরি করতে
- তাদের গ্রাম বা জেলার একটা পথনির্দেশিকা তৈরি করতে।

আপনার তালিকার সমস্ত পরামর্শের জন্য এগুলোর উপর নোট তৈরি করুন:

- লেখার কাংক্ষিত পাঠক কে (বাবা মা, অন্যান্য শিক্ষার্থী, স্থানীয় মানুষ, দর্শনার্থী ইত্যাদি)
- লেখার উদ্দেশ্য কি (অবহিত করা, বিনোদন, বিশ্বাস করানো, শেখানো ইত্যাদি)
- কীভাবে আপনি সম্পন্ন করা লেখার ধরন মডেল করতে পারেন (আপনি শিক্ষার্থীদের একটা বাস্তব উদাহরণ দেখাতে পারেন, একটা সাধারণ রূপরেখা তাদের প্রদান করতে পারেন, অন্তর্ভুক্ত করার জন্য প্রধান শব্দ ও বাক্যাংশগুলো তালিকাভুক্ত করতে পারেন, ইত্যাদি)
- কীভাবে আপনি লিখিত কার্যকলাপের মধ্যে রচনা কৌশল ও প্রতিলিপিকরণ-সম্পর্কিত কাজগুলোর সামঞ্জস্য বজায় রাখবেন।

## অ্যাক্টিভিটি 4: আপনার শিক্ষার্থীদের সঙ্গে ভাগ করে লেখার একটা পাঠ বাস্তবায়ন করা

আপনার তালিকাভুক্ত ধারণাগুলোর মধ্যে একটা নির্বাচন করুন এবং আপনার শ্রেণিতে এটা পরখ করে দেখতে প্রস্তুত হন। আপনি আগে নির্দেশিকা হিসাবে যে পাঠ পরিকল্পনা প্রস্তুত করেছেন, সেটি ব্যবহার করে এই পাঠের জন্য একটা নতুন পরিকল্পনা লিখুন, আর নিশ্চিত করুন যে আপনি নিম্নলিখিতগুলো বিবেচনা করেছেন:

- াঠক ও কাজের উদ্দেশ্য
- ভাগ করে লেখা উপাদানের ধরন
- রচনা কৌশল ও প্রতিলিপিকরণের ওপর ব্যয় করা সময়ের ভারসাম্য।

প্রথমে আপনার সহকর্মীদের সঙ্গে অ্যাক্টিভিটিটি চেষ্টা করলে, তা আপনার পক্ষে সহায়ক হতে পারে। তাদের মতামত দেওয়ার আমন্ত্রণ জানান ও সেই অনুযায়ী আপনার পাঠ পরিকল্পনা পরিবর্তন করুন। আপনি প্রস্তুত হয়ে যাওয়ার পরে আপনার শ্রেণিতে পাঠটি বাস্তবায়িত করুন।

লিখিত প্রক্রিয়ায় বিভিন্ন দিকের প্রতি আপনার শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করার জন্য, তাদের দ্বারা প্রস্তাবিত উন্নতিগুলির প্রতিক্রিয়ায়, ভাগ করা টেক্সটের মধ্যে আপনি যে পরিবর্তনগুলো করেছেন তার একটা ধারাভাষ্য প্রদান করুন। এগুলো শৈলীর বিভিন্ন দিকের সাথে সম্পর্কযুক্ত হতে পারে – উদাহরণস্বরূপ, এর শব্দভাণ্ডার, বা এর অনুক্রম ও প্রবাহ, এটা আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক যাই হোক না কেন। এটা ক্রমান্বয়ে পরিবর্তিত করার পর কিরকম শোনাচ্ছে তা পরীক্ষা করতে চাইলে, এগনোর সাথে সাথে আপনি যা লিখেছেন তা পড়ুন। সেটা করার দ্বারা, আপনি আপনার শ্রেণিকে দেখাচ্ছেন যে ভাল রচনা কৌশলের জন্য চিন্তাভাবনা ও মনযোগ প্রয়োজন।

একই সাথে যথাযথ যতিচিহ্ন, বানান ও ব্যাকরণ নির্দেশ করার মাধ্যমে, ঝরঝরে লেখা ও সমান ফাঁক ব্যবহার করার দ্বারা আপনাকে প্রতিলিপিকরণ দক্ষতা প্রদর্শন করতে হবে। এই ধরনের বিবরণ কীভাবে অভিপ্রেত পাঠকের উপর লেখার সামগ্রিক প্রভাবে অবদান রাখতে পারে তা ব্যাখ্যা করুন।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- ]ঠটি কতটা সফল হয়েছিল? আপনি কীভাবে বুঝতে পেরেছিলেন?
- আপনার সমস্ত শিক্ষার্থী যে শিখছিল আপনি কীভাবে তা পর্যবেক্ষণ করছিলেন?

একসাথে ভাগ করে লেখা বন্ধুসুলভ ও সহযোগিতামূলক। এটা সেই শিক্ষার্থীদের সাহায্য করে যারা কি লিখতে হবে সে বিষয়ে অনিশ্চিত ও যারা প্রতিলিপি করার সময় ভুল করার ব্যাপারে নার্ভাস। এটা শিক্ষার্থীদেরকে খসড়া তৈরি করা ও পুনর্লিখনের প্রক্রিয়াগুলো প্রদর্শন করে।

# 3 সংক্ষিপ্তসার

এই ইউনিটে আপনি আপনার শ্রেণিকক্ষে প্রামাণ্য পাঠক ও উদ্দেশ্যের জন্য লেখাকে অন্তর্ভুক্ত করার পদ্ধতিগুলো বিবেচনা করেছেন। আত্মবিশ্বাসী লেখক হওয়ার জন্য শিক্ষার্থীদের অনুশীলন প্রয়োজন। লেখা উদ্দেশ্যমূলক ও সন্তোষজনক হতে পারে এটা দেখানোর মাধ্যমে আপনি তাদের লেখার দক্ষতার উন্নতিতে সাহায্য করতে পারেন। আপনি রচনা কৌশলের উপর মনোযোগ দিয়ে এবং প্রতিলিপিকরণকে শুধুমাত্র যোগাযোগ বাড়ানোর একটি উপায় হিসাবে বিবেচনা করে, এটা করতে পারেন। একসঙ্গে ভাগ করে লেখার কাজ করার মাধ্যমে আপনার শিক্ষার্থীরা লেখার প্রামাণ্য উদ্দেশ্য বুঝতে পারে।

এই ইউনিট আপনাকে লেখার উপরে মনোযোগ দেওয়া একটি পাঠ পরিকল্পনা করার সুযোগ দেয়। এইরকম পরিকল্পনাগুলো আপনাকে পড়ানোর সময় একটা শিক্ষার বিষয় অর্জনের উপর মনযোগ দিতে সাহায্য করে, এবং এই পরিকল্পনাগুলো বিভিন্ন পাঠ জুড়ে ব্যবহৃত হতে পারে ও প্রসারিত করা যেতে পারে।

# সম্পদসমূহ

## সম্পদ 1: পাঠ পরিকল্পনা

### পরিকল্পনা এবং প্রস্তুতকরণ কেন গুরুত্বপূর্ণ

ভাল পাঠ পূর্ব পরিকল্পিত হতে হবে। পরিকল্পনা আপনার পাঠকে স্পষ্ট এবং সু-সময়যুক্ত / সময়োপযোগী করতে সহায়তা করে, ফলে শিক্ষার্থীরা সক্রিয় এবং আগ্রহী হতে পারে। কার্যকর পরিকল্পনায় কয়েকটি অন্তর্গঠিত প্রসারণীয়তা বা নমনীয়তা অন্তর্ভুক্ত থাকে যাতে শিক্ষকরা তাঁদের শিক্ষণে শিক্ষার্থীরা কি শিখছে, কীভাবে শিখছে তা দেখে, বুঝে তাৎক্ষণিকভাবে প্রতিক্রিয়া করতে পারেন। ধারাবাহিক কয়েকটি পাঠের পরিকল্পনা করার সময়, শিক্ষার্থীকে এবং তার পূর্বজ্ঞানকে জানতে হবে, কি করে পাঠক্রমের মধ্য দিয়ে এগোতে হবে তা জানতে হবে এবং সর্বোত্তম সম্পদ এবং কার্যকলাপের সন্ধান করতে হবে যা শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়ায় সহায়তা করবে।

পরিকল্পনা হল একটি চলমান প্রক্রিয়া (continual process) যা আপনাকে স্বতন্ত্র পাঠ (individual lesson) পরিকল্পনার পাশাপাশি পাঠগুলির একটি ক্রম (series of lessons) হিসাবে প্রস্তুত করতে সহায়তা করে এবং যাতে প্রত্যেকটি পাঠ পূর্ববর্তী পাঠের উপর ভিত্তি করে প্রস্তুত হয়।। পাঠ পরিকল্পনার পর্যায়গুলি হল:

- শিক্ষার্থীদের প্রগতির জন্য আপনার শিক্ষার্থীদের কী কী প্রয়োজন সে সম্পর্কে স্পষ্ট হওয়া

- কীভাবে শিক্ষাদান করলে শিক্ষার্থীরা বুঝতে পারবে এবং পঠন-পাঠন চলাকালীন আপনি যা দেখতে পাবেন, তার প্রতিক্রিয়া জানাতে, আপনি কীভাবে নমনীয় হবেন, তা স্থির করা (how to maintain flexibility to respond to what you find)।
- আপনার শিক্ষার্থীরা কী শিখেছিল এবং আপনার পাঠ কত ভালভাবে চলেছিল তা পর্যালোচনা করা ভবিষ্যত পাঠ পরিকল্পনার জন্য (looking back on how well the lesson went and what your students have learnt in order to plan for the future)।

## পাঠগুলির একটি ক্রম পরিকল্পনা

ক্রম পাঠ পরিকল্পনার প্রথম কাজ হল যে যখন কোন পাঠ্যক্রম আপনি অনুসরণ করছেন তার বিষয় ও প্রসঙ্গগুলিকে/ এককগুলিকে কত ভাল উপএকক/উপবিভাগ বা খণ্ডে বিভাজিত করা যায় তা দেখা। আপনার উপলভ্য সময় বিবেচনা করতে হবে পাশাপাশি শিক্ষার্থীদের প্রগতির জন্য উপায়গুলি ভাবতে হবে এবং ধীরে ধীরে দক্ষতা এবং জ্ঞান বাড়াতে হবে। আপনার অভিজ্ঞতা বা সহকর্মীদের সাথে আলোচনায় আপনি জানতে পারেন যে একটি এককে চারটি পাঠ নিতে হলেও অন্য এককে দুটি নিতে হতে পারে। ভবিষ্যতের পাঠগুলির জন্য যখন অন্যান্য প্রসঙ্গ আলোচনা হবে অথবা কোনো বিষয়ের আলোচনা সম্প্রসারিত হবে তখন আপনাকে পুরানো কোনো শিখনে ফেরত যাওয়া যায় সেই সম্পর্কে সচেতন থাকতে হবে।

সমস্ত পাঠের পরিকল্পনায় আপনাকে নিম্নলিখিতগুলি সম্পর্কে স্পষ্ট হতে হবে:

- আপনি শিক্ষার্থীদের কী শিখতে দিতে চান
- আপনি সেই শিখন কী ভাবে শুরু করাবেন
- শিক্ষার্থীদের কী করতে হবে এবং কেন করতে হবে

শিক্ষার্থীরা যাতে স্বস্তি অনুভব করে এবং কৌতুহলী হয় তার জন্য আপনি শিক্ষার্থীদের শিখনকে সক্রিয় ও মনোগ্রাহী করতে চাইবেন। পাঠগুলি জুড়ে শিক্ষার্থীদের কী জিজ্ঞাসা করা হবে তা বিবেচনা করুন এতে আপনি বৈচিত্র্য এবং আগ্রহ গঠন করতে পারবেন তবে নমনীয়তাও থাকতে পারে। পরপর পাঠগুলির উপস্থাপনের মাধ্যমে শিক্ষার্থীদের প্রগতির সাথে সাথে তাদের বোধ (understanding) কী ভাবে মূল্যায়ন করবেন তা পরিকল্পনা করুন। কয়েকটি ক্ষেত্রে বেশী সময় নেয় কিনা বা দ্রুত শেখা হয় কিনা সে সম্পর্কে নমনীয় হতে প্রস্তুত থাকুন।

## একক পাঠ পরিকল্পনা

আপনি পাঠগুলির একটি ক্রম পরিকল্পনা করার পর, **শিক্ষার্থীদের সে সময়ের প্রগতির** ভিত্তিতে প্রতিটি স্বতন্ত্র পাঠের পরিকল্পনা করতে হবে। আপনি জানেন পাঠগুলির ক্রমটির শেষে শিক্ষার্থীদের কী শেখা উচিত বা কী করতে পারা উচিত তবে আপনার কিছুটা অপ্রত্যাশিত বিষয় পুনরায় আলোচনা করতে বা আরও দ্রুত সামনে এগিয়ে যাওয়ার প্রয়োজন হতে পারে। সুতরাং প্রতিটি পাঠ অবশ্যই পরিকল্পিত হতে হবে যাতে আমাদের সমস্ত শিক্ষার্থী উন্নতি করতে পারে এবং নিজেদের সফল এবং অন্তর্ভুক্ত বলে মনে করতে পারে।

পাঠ পরিকল্পনাটির মধ্যে আপনার নিশ্চিত করা উচিত যে প্রতিটি ক্রিয়াকলাপের জন্য আপনার কাছে পর্যাপ্ত সময় রয়েছে।ব্যবহারিক কাজ বা সক্রিয় দলের কাজ গুলির জন্য যে কোনও উৎস/উপাদান প্রস্তুত রয়েছে। বড় আকারের শ্রেণিগুলির জন্য পরিকল্পনার অংশ হিসাবে আপনাকে পৃথক দলগুলির জন্য পৃথক প্রশ্ন এবং ক্রিয়াকলাপগুলির পরিকল্পনা করা প্রয়োজন।

নতুন একক উপস্থাপন করার সময় অনুশীলন করার জন্য এবং ধারণাগুলি নিয়ে সহকর্মীদের সাথে কথা বলার জন্য সময় করা প্রয়োজন যাতে আপনি আত্মবিশ্বাসী হতে পারেন।

আপনার পাঠগুলি তিনটি অংশে প্রস্তুত করার কথা চিন্তা করুন। এই অংশগুলি নীচে আলোচিত হল।

**1 ভূমিকা**

পাঠের শুরু হিসাবে শিক্ষার্থীদের কাছে তারা কী শিখবে এবং কী করবে তা ব্যাখ্যা করুন, এতে প্রত্যেকে তাদের থেকে কী প্রত্যাশিত তা জানতে পারবে। শিক্ষার্থীরা কী শিখতে চলেছে সে বিষয়ে তাদের আগ্রহী করে তুলতে তারা যা জানে তা নিয়ে মত বিনিময় করে নিতে বলুন।

**2 পাঠটির প্রধান অংশ**

শিক্ষার্থীরা ইতিমধ্যে যা জানে তার ভিত্তিতে বিষয়বস্তুটির রূপরেখা তৈরি করুন। আপনি স্থানীয় উপাদানগুলি / উৎসগুলি, নতুন তথ্য, সক্রিয়তাভিত্তিক বিভিন্ন পদ্ধতি (যার মধ্যে দলগত কাজ, সমস্যা সমাধানের কাজ ইত্যাদি পড়ে) ব্যবহার করার সিদ্ধান্ত নিতে পারেন। ব্যবহার করার জন্য উৎসগুলি এবং আপনি যেভাবে আপনার শ্রেণিকক্ষের স্থান ব্যবহার করবেন তা' শনাক্ত করুন। বিবিধ ক্রিয়াকলাপ, উৎস / সম্পদ এবং সময়কে ঠিকভাবে ব্যবহার করা পাঠের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। যদি আপনি বিভিন্ন পদ্ধতি এবং ক্রিয়াকলাপ ব্যবহার করেন তবে আপনি আরও বেশি শিক্ষার্থীর কাছে পৌঁছাতে পারেন কারণ তারা বিভিন্ন ভাবে শেখে।

**3 পাঠের সমাপ্তি ও মূল্যায়ন**

সবসময় কী পরিমাণ প্রগতি/অগ্রগতি হয়েছে তা যাচাই করার জন্য সময় দিন (হয় পাঠটি চলাকালীন বা এর শেষে)। যাচাই করার অর্থ সর্বদা পরীক্ষা নয়। সাধারণত এটি অতি দ্রুত শ্রেণিকক্ষে ঘটে – যেমন তাদেরকে পরিকল্পিত প্রশ্নগুলি জিজ্ঞেস করে বা তারা কী শিখেছে তা যখন উপস্থাপনা করে তখন তাদের পর্যবেক্ষণ করে। তবে আপনাকে নমনীয় হতে হবে এবং আপনি শিক্ষার্থীদের প্রতিক্রিয়াগুলি থেকে কী খুঁজে পান সেটি অনুসারে পরিবর্তন করতে হবে।

পাঠ শেষ করার একটি ভাল উপায় হল শুরুর উদ্দেশ্যগুলিতে ফেরা। শিক্ষার্থীরা একে অপরকে এবং শিক্ষককে তারা কি শিখেছে সে সম্বন্ধে যাতে জানাতে পারে তেমন সময় দিতে হবে। শিক্ষার্থীদের কাছ থেকে শোনা আপনাকে পরের পাঠের জন্য কি পরিকল্পনা করতে হবে সে সম্পর্কে নিশ্চিত করবে।

## পাঠগুলি পর্যালোচনা

প্রতিটি পাঠ পুনঃ আলোকপাত করে আপনি যা করেছিলেন ও আপনার শিক্ষার্থীরা কী শিখেছিল, কোন উৎসগুলি ব্যবহার করেছিলেন এবং কতটা ভালভাবে হয়েছিল তার একটি নথি রাখুন। এতে আপনি পরবর্তী পাঠগুলির জন্য পরিকল্পনার উন্নতি বা সংযোগ সাধন করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি এগুলির সিদ্ধান্ত নিতে পারেন:

- অ্যাক্টিভিটিগুলির পরিবর্তন বা ভিন্নভাবে প্রকাশ
- মুক্ত বা বদ্ধ প্রশ্নগুলির (open and closed questions) একটি তালিকা প্রস্তুতকরণ
- যে শিক্ষার্থীদের অতিরিক্ত সহায়তা প্রয়োজন তাদের জন্যে একটি ফলো-আপ সেশন রাখা।

শিক্ষার্থীদের আরও ভালভাবে শিখতে সহায়তা করতে আপনি কী পরিকল্পনা করতে পারতেন বা করেছেন সে সম্পর্কে চিন্তা করা।

আপনার পাঠ পরিকল্পনাগুলি প্রতিটি পাঠে যাওয়ার সাথে সাথে অবশ্যই পরিবর্তিত হবে কারণ আপনি যা যা ঘটবে তার সবকয়টির পূর্বানুমান পেতে পারেন না। সুপরিকল্পনার অর্থ হবে আপনি কি শিক্ষাদান করতে চান তা জানা এবং তাদের বর্তমান জ্ঞান জেনে তাদের প্রকৃত শিক্ষাদানের জন্য প্রস্তুত হওয়া।

# অতিরিক্ত সম্পদসমূহ

- Blossoms–English Text Book For Class VIII (West Bengal Board of Secondary Education)
- A language activity using newspapers: http://www.teachersofindia.org/en/article/classroom-sparkler-newspaper
- Some writing resources can be found on the Azim Premji Foundation website: http://www.azimpremjifoundation.org/E-learning_Resources
- You may be able to find some resources on the NUEPA website: http://www.nuepa.org/
- Support for teachers can be found on the Teacher Education website of MHRD: http://www.teindia.nic.in

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা


Black Country Children's Services Improvement Partnership (undated) *Black Country Challenge KS1 & 2 Writing Project 2009/2010* (online). Wolverhampton: Black Country Children's Services Improvement Partnership. Available from: http://www.gillmatthews.co.uk/images/downloads/bcc%20writing%20project_FINAL.PDF (accessed 29 October 2014).

Katahira, J. (undated) 'Note writing in the primary classroom' (online), ReadWriteThink. Available from: http://www.readwritethink.org/classroom-resources/lesson-plans/note-writing-primary-classroom-285.html?tab=4#tabs (accessed 29 October 2014).

Kopp, K. (2008a) *Learning through Writing, Grade 3: Authentic Writing Activities for the Content Areas*. Gainsville, FL: Maupin House Publishing.

Kopp, K. (2008b) *Learning through Writing, Grade 5: Authentic Writing Activities for the Content Areas*. Gainsville, FL: Maupin House Publishing.

Lidvall, C.D. (2008) *Get Real: Instructional Implications for Authentic Writing Activities* (online), DiscoverArchive, Vanderbilt University. Available from: http://discoverarchive.vanderbilt.edu/bitstream/handle/1803/789/CarlyLidvallCapstone.pdf?sequence=1 (accessed 29 October 2014).

O'Sullivan. O. (2007) *Understanding Spelling*, London: Centre for Literacy in Primary Education.

Pavlock, K. (undated) 'Writing for the real world' (online), ReadWriteThink. Available from: http://www.readwritethink.org/parent-afterschool-resources/tips-howtos/writing-real-world-30115.html (accessed 29 October 2014).

Wilcox, A. (undated) 'Literary resource: writing for purpose' (online), Teach Primary. Available from: http://www.teachprimary.com/learning_resources/view/literacy-resource-writing-for-purpose (accessed 29 October 2014).

# কৃতজ্ঞতাস্বীকার

এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। TESS-India, OU এবং UKAID লোগোগুলোর ব্যবহার এই লাইসেন্সের অন্তর্ভুক্ত নয়, এগুলো শুধুমাত্র TESS-India প্রোজেক্টের ভিতরে অপরিবর্তিতভাবে ব্যবহার করা যায়।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।